দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 SEP 2017 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ৫ ......

# মেডিক্যালে ভর্তির প্রশ্ন ফাঁসের গুজবে কান দেবেন না : স্বাস্থ্যমন্ত্রী

■ বিশেষ প্রতিনিধি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম শিক্ষার্থী ও অভিভাবকদের উদ্দেশে বলেছেন, এমবিবিএস ভর্তি পরীক্ষায় প্রশ্নফাঁসের কোনো সুযোগ নেই। তাই কেউ গুজবে কান দিলে ভুল করবেন। গতকাল বুধবার সচিবালয়ে 'মেডিক্যাল ভর্তি পরীক্ষা নিয়ে আইন-শৃঙ্খলা সংক্রান্ত এক সভা শেষে মন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশে আরো বলেন, 'মাত্র কয়েক দিন সময় আছে, পড়াশোনা করুন। গুজবে কান দেবেন না। দিলে ভুল করবেন।' এ সময় অভিভাবকদের উদ্দেশে তিনি বলেন, 'গুজবে কান দিয়ে সন্তানের ভবিষ্যৎ নষ্ট করবেন না।'

২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষা আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিত হবে। এতে মোট আবেদনকারী ৮২ হাজার ৮৫৬ জন। সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজ মিলিয়ে আসন আছে ৯ হাজার ৩৪৩টি। এরমধ্যে ৩১টি সরকারি মেডিক্যাল কলেজের আসন সংখ্যা ৩ হাজার ৩১৮। অনুষ্ঠানে জানানো হয়, সারা দেশে ২০টি কেন্দ্রে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরমধ্যে ঢাকায় রয়েছে ৫টি কেন্দ্র। স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, নিশ্চিদ্র নিরাপত্তার মধ্য দিয়ে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষা সংক্রান্ত সব ধরনের প্রস্তুতি শেষ হয়েছে জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়েছে। পৃষ্ঠা ২ কলাম ৪

## মেডিক্যালে ভর্তির প্রশ্ন

২০ পৃষ্ঠার পর

সে কমিটি প্রশ্নপত্র তৈরি থেকে শুরু করে কেন্দ্রে পৌছানো পর্যন্ত মনিটরিং করছে।
নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের কোনো ধরনের সুযোগ নেই এই পরীক্ষায়।' অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়ে মোহাম্মদ নাসিম বলেন, 'কোনো কিছু শুনলে সঙ্গে সঙ্গে আমাদের জানাবেন। আমরা তাৎক্ষণিক ব্যবস্থা নেব।' গুজবে কান না দিয়ে শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে পড়াশুনা করতে বলেন মন্ত্রী।

সুষ্ঠুভাবে পরীক্ষা আয়োজন নিয়ে আয়োজিত এ বৈঠকে ঢাকা মহানগর পুলিশ কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া ছাড়াও র‍্যাবের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে উপস্থিত এক পুলিশ কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'অন্যান্য বারের মতো এবারও মেডিক্যাল ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। ফেইসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো ধরনের গুজব ছড়ানো হচ্ছে কি না- তা মনিটরিং করা হবে। অন্য বছরগুলোতে যারা গুজব ছড়িয়ে তাদের উপর নজরদারি বাড়ানো বিষয়েও বৈঠকে আলোচনা হয়েছে বলে জানান ওই পুলিশ কর্মকর্তা।

### বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রতির দেশ : নাসিম

এদিকে গতকাল সন্ধ্যায় রাজধানীর রামকৃষ্ণ মিশন প্রাঙ্গণে শারদীয় দুর্গাপূজামণ্ডপ পরিদর্শনকালে সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, এদেশ সাম্প্রদায়িক সম্প্রতির দেশ। এদেশে কোনোভাবেই যেন সম্প্রীতি নষ্ট না হয় সরকার সেদিকে সর্বদা সতর্ক আছে। এজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকার জন্য নির্দেশ দেওয়া আছে। মোহাম্মদ নাসিম বলেন, সারা বিশ্বে শান্তির প্রতীক হিসাবে সমাদৃত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের সকল মানুষ আজ রোহিঙ্গাদের পাশে দাঁড়াচ্ছে। এসময় ঢাকা রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী ধ্রুবেশানন্দজী, বার্ণ ইউনিটের মুখ্য সমন্বয়ক অধ্যাপক ডা. সামন্ত লাল সেন, আওয়ামী লীগের ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক সুজিত রায় নন্দি প্রমুখ বক্তব্য রাখেন। এর আগে মন্ত্রী রামকৃষ্ণ মিশন সেবাশ্রমে ডেন্টাল ইউনিটের উদ্বোধন করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর